

নং-৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩০.১৫-৬৪৩

তারিখ : ০৫-১০-২০১৬ খ্রিঃ

অফিস আদেশ

যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ২৪-০৭-২০১৬ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত প্রথম প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্তানুসারে জাতীয় যুব দিবস ২০১৬ এর প্রধান অনুষ্ঠানস্থল ঢাকাস্থ ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রদর্শনী ও যুব র্যালিতে অংশ গ্রহণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরারধীন "টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেইজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের ৭টি আইসিটি ট্রেনিং ভ্যান ঢাকায় আনার প্রেক্ষিতে প্রকল্পের আওতায় ৭টি ভেন্যুতে পরিচালিত মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ কোর্সটি ২৮ অক্টোবর'১৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের গত ২৯-০৯-২০১৬ খ্রিঃ তারিখে ৩৪.০০.০০০০.০৪৬.৩৭.০০৭.১৫(অংশ-১)-২১৯ সংখ্যক পত্র মূলে আগামী ১৯ থেকে ২১ অক্টোবর/২০১৬ তারিখে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় অনুষ্ঠিতব্য "ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬" মেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্টলে প্রদর্শনীর জন্য ঢাকা বিভাগের আইসিটি ট্রেনিং ভ্যানটি (আইসিটি ট্রেনিং ভ্যানটির মাধ্যমে বর্তমানে টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলায় মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে) ১৮-১০-২০১৬ খ্রিঃ তারিখ দিন শেষে সাভারস্থ শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে এনে সংশ্লিষ্ট প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক ও গার্ডি চালক একই কেন্দ্রে অবস্থান করবেন। উল্লেখিত ভেন্যুতে ঢাকা বিভাগের ঢাকা মেট্রো-ঝ-১১-০৭৭৭ নাম্বারের ভ্যানটির অবস্থানকালীন এর নিরাপত্তা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং ভ্যান যোগে আগত প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক ও গার্ডি চালকের খরকার ব্যবস্থা গ্রহণ করবেন। কর্তৃপক্ষীয় নির্দেশনানুসারে প্রশিক্ষকগণ মেলায় আইসিটি ভ্যানসহ যথারীতি অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণের কারণে ১ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কোর্সটি ২২টি কার্য দিবসের নির্ধারিত সিলেবাস অনুযায়ী সম্পন্ন করার উদ্দেশ্যে অক্টোবর'১৬ মাসের সাপ্তাহিক ছুটির দিনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার পদক্ষেপ নিতে হবে (৭-৮ অক্টোবর, ১৪-১৫ অক্টোবর এবং ২১-২২ অক্টোবর)। সংশ্লিষ্ট উপ-পরিচালক/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দায়িত্বপ্রাপ্ত প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষকদের মাধ্যমে প্রশিক্ষণ বাস্তবায়ন করবেন এবং নির্ধারিত তারিখে সনদপত্র বিতরণ নিশ্চিতকল্পে ২০ অক্টোবর'১৬ তারিখের মধ্যে পূরণকৃত সনদপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।

কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(আবুল হাছান খান)

যুগ্ম-সচিব

প্রকল্প পরিচালক (অঃ দায়ঃ)

টেকাব প্রকল্প

ফোন ৯৫৬০৭০৩।

সদয় অবগতির/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক -----, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, টাঙ্গাইল/লক্ষীপুর/নওগাঁ/নড়াইল/বরগুণা/মৌলভীবাজার/রংপুর জেলা।
- ০৩। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। পুলিশ সুপার, টাঙ্গাইল/লক্ষীপুর/নওগাঁ/নড়াইল/বরগুণা/মৌলভীবাজার/রংপুর জেলা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপজেলা চেয়ারম্যান, ----- উপজেলা ----- জেলা।
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৮। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, টাঙ্গাইল/লক্ষীপুর/নওগাঁ/নড়াইল/বরগুণা/মৌলভীবাজার/রংপুর জেলা।
- ০৯। প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা, পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, ----- উপজেলা ----- জেলা।
- ১১। ডেপুটি কো-অডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, -----।
- ১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ----- উপজেলা ----- জেলা।
- ১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ----- উপজেলা ----- জেলা।
- ১৪। প্রশিক্ষক (কম্পিউটার)/সহকারী প্রশিক্ষক (কম্পিউটার) টেকাব প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৬। অফিস কপি।